👉নির্বাচনী ইশতেহার | People's Power & Peace Party (PPPP):

🌀খাদ্য🌀

১। 'সবার জন্য খাদ্য' নিশ্চয়তা করা হবে।

২। দেশের সব মানুষই যেনো তিন বেলা তৃপ্তি সহকারে খেতে পারে, সেই ব্যবস্থা করা হবে।

৩। কুরবানীর ঈদের সময় দরিদ্র ও নিম্ন মধ্যবিত্ত মুসলিম পরিবারে গরুর গোশত সমভাবে বন্টন করা হবে।

৪। ভেজালমুক্ত খাদ্য নিশ্চিত করতে ভেজালবিরোধী অভিযান স্থায়ী আকার পাবে।

🌀বস্ত্র🌀

৫। 'সবার জন্য পোশাক' নিশ্চয়তা করা হবে।

৬। রোজার ঈদের সময় বাংলাদেশের প্রতিটা দরিদ্র ও অসহায় শিশু যাতে নতুন জামা পড়তে পারে, সেই ব্যবস্থা করা হবে।

৭। দরিদ্র ও নিম্ন মধ্যবিত্ত মানুষের মাঝে লুঙ্গি ও শাড়ি বিতরণ করা হবে।

🌀বাসস্থান🌀

৮। বাংলাদেশে কোনো গৃহহীন মানুষ থাকবে না।

৯। যেসব দরিদ্র পরিবারের ঘর নেই, তাদের ঘরের ব্যবস্থা করে দেওয়া হবে।

১০। বস্তিবাসীদের স্থায়ী পুনর্বাসন করা হবে।

১১। বাংলাদেশে ফুটপাতে বা রাস্তার ধারে কোনো অসহায় মানুষ থাকবে না। তাদের পুনর্বাসন করা হবে।

🌀 শিক্ষা 🌀

১২। 'সবার জন্য শিক্ষা' নিশ্চয়তা করা হবে।

১৩। যারা দরিদ্র ও অসহায়, তাদের জন্য শিক্ষার ব্যবস্থা করা হবে।

১৪। উচ্চ মাধ্যমিক সম্পন্ন করার পর যারা অর্থের অভাবে অনার্স-মাস্টার্স সম্পন্ন করতে পারছেন না, তাদেরকে পড়াশোনার পাশাপাশি ছোট ও মাঝারি কর্মসংস্থানের ব্যবস্থা করে দেওয়া হবে।

🌀 গবেষণা 🌀

১৫। উচ্চ মাধ্যমিকের পর যে যেই বিষয়ে অভিজ্ঞ, তাকে সেই বিষয় নিয়ে পড়ার ও গবেষণা করার বিশেষ ব্যবস্থা করে দেওয়া হবে।

🌀 পরীক্ষা 🌀

১৬। যেকোনো বিষয়ের পরীক্ষায় নম্বর বন্টন হবে রচনামূলক-৮০ এবং নৈর্ব্যক্তিক-২০। সৃজনশীল উদ্ধৃতি থেকে উত্তর লেখা বা বহুনির্বাচনী থেকে উত্তর বাছাই বন্ধ করা হবে। অর্থাৎ সৃজনশীল বা বহুনির্বাচনী প্রশ্ন আর থাকবে না।

🌀 রেজাল্ট 🌀

১৭। কোনো শিক্ষার্থী রেজাল্ট খারাপ হলে যাতে আত্মহত্যা না করে, সেজন্য কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে কর্মমুখী শিক্ষার ব্যবস্থা করা হবে।

🌀 ছাত্র রাজনীতি 🌀

১৮। শ্রেণিকক্ষ বা শিক্ষা ভবনের ভেতর কোনো ছাত্র রাজনীতি চলবে না। ছাত্র রাজনীতির জন্য বিশ্ববিদ্যালয়, কলেজ বা বিদ্যালয় প্রাঙ্গনে আলাদাভাবে ছোট বা মাঝারি আকারের কেন্দ্রীয় ছাত্র সংসদ ভবন তৈরি করে দেওয়া হবে।

🌀 চিকিৎসা 🌀

১৯। 'সবার জন্য চিকিৎসা' নিশ্চয়তা করা হবে।

২০। যারা দরিদ্র ও অসহায়, তাদের জন্য চিকিৎসার ব্যবস্থা করা হবে।

২১। চিকিৎসার মানোন্নয়ন করতে হাসপাতালগুলোতে কঠোর নিয়ম চালু হবে।

🌀 জনস্বাস্থ্য 🌀

২২। জনস্বাস্থ্য রক্ষায় বাংলাদেশে বিড়ি-সিগারেট ও মদ নিষিদ্ধ করা হবে।

🌀 কৃষি 🌀

২৩। কৃষকের ঘামে উৎপন্ন শস্যের ন্যায্য মূল্য নিশ্চিত করা হবে।

২৪। উৎপাদক ও ভোক্তার মাঝে দূরত্ব কমিয়ে কৃষকদের জন্য সরাসরি বিক্রয় কেন্দ্র প্রতিষ্ঠা করা হবে।

২৫। কৃষিপণ্যের সংরক্ষণে ঠাণ্ডাঘর নির্মাণ বাড়ানো হবে।

২৬। কৃষিজমি সুরক্ষায় অযথা রোড নির্মাণ নিয়ন্ত্রণ করা হবে।

🌀 নদী-খাল 🌀

২৭। নদী-খাল দখলমুক্ত করে দেশের শিরায় পানি ফেরানো হবে।

২৮। খাল পুনর্খনন প্রকল্প সারা বছর চলমান থাকবে।

## 🌀 বিবাহ 🌀

২৯। বিয়ের সর্বনিম্ন বয়স মেয়ে ও ছেলে উভয়ের জন্যই ১৮ করা হবে।

৩০। বিয়ে সহজ করা হবে। কম খরচে বিয়ে সম্পন্ন হবে। বড় কোনো আনুষ্ঠানিকতা ছাড়াই ছোট ও মাঝারি আনুষ্ঠানিকতার মাধ্যমে বিবাহ সম্পন্ন হবে।

৩১। বাংলাদেশে কোনো দরিদ্র প্রাপ্ত বয়স্ক লোক অবিবাহিত থাকবে না। দরিদ্রদের জন্য বিবাহের ব্যবস্থা করা হবে। সাথে ছোট ও মাঝারি কর্মসংস্থানের ব্যবস্থা করে দেওয়া হবে।

## 🌀 যৌতুক 🌀

৩২। বাংলাদেশে কোনো যৌতুক আদান-প্রদান থাকবে না।

৩৩। যৌতুক গ্রহণকারী ও প্রদানকারী উভয়কেই কঠোর শাস্তির মুখোমুখি করা হবে।

## 🌀 কর্মসংস্থান 🌀

৩৪। যেকোনো ভর্তি, চাকরি ও নিয়োগের ক্ষেত্রে কোটা প্রথা বাতিল করা হবে।

৩৫। মেধা ও যোগ্যতা দিয়ে প্রত্যেককে তার নিজের অবস্থান তৈরি করে নিতে হবে।

৩৬। প্রশাসনে মেধা ও সততা হবে নিয়োগের প্রধান মানদণ্ড।

৩৭। বাংলাদেশে কোনো দরিদ্র মেধাবী বেকার থাকবে না।

৩৮। দরিদ্র মেধাবী বেকারদের জন্য ছোট ও মাঝারি কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে।

৩৯। যারা 'ইমাম ও মুয়াজ্জিন', তাদেরকে মসজিদ প্রাঙ্গণে ছোট ও মাঝারি কর্মসংস্থানের ব্যবস্থা করে দেওয়া হবে। যেমন-চায়ের দোকান, প্রসাধনীর দোকান, ফার্মেসি, লাইব্রেরি, বর্গাচাষ প্রভৃতি।

৪০। যারা অর্থের অভাবে চুরি-ডাকাতি করে, তাদের ছোট ও মাঝারি কর্মসংস্থানের ব্যবস্থা করে দেওয়া হবে।

৪১। হিজড়া বা প্রতিবন্ধী নাগরিকদের জন্য বিশেষ কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে।

## 🌀 শ্রমিক 🌀

৪২। শ্রমিকদের সর্বনিম্ন স্যালারি বৃদ্ধি করা হবে।

৪৩। প্রতিমাসের ৫ তারিখের মধ্যে শ্রমিকদের স্যালারি প্রদান করা হবে।

৪৪। শ্রমিকদের প্রমোশনের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার থেকে অভিজ্ঞতাকে বেশি প্রাধান্য দেওয়া হবে।

## 🌀 ভিক্ষাবৃত্তি 🌀

৪৫। বাংলাদেশে শিশু, মধ্যবয়সী বা বৃদ্ধ কোনো ভিক্ষুক থাকবে না।

৪৬। যেসব শিশু ভিক্ষা করে, তাদের জন্য খাবার, পোশাক, থাকার জায়গা, পড়াশোনা, খেলাধুলা ও চিকিৎসার ব্যবস্থা করা হবে।

৪৭। মধ্যবয়সী সক্ষম ভিক্ষুকদের জন্য ছোট ও মাঝারি কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে। যারা অক্ষম ভিক্ষুক, তাদের জন্য থাকা, খাওয়া ও চিকিৎসার ব্যবস্থা করা হবে।

৪৮। বৃদ্ধ বয়সী ভিক্ষুকদের জন্য খাবার, পোশাক, থাকার জায়গা, প্রার্থনা, খেলাধুলা ও চিকিৎসার ব্যবস্থা করা হবে।

## 🌀 পথশিশু 🌀

৪৯। বাংলাদেশে কোনো পথশিশু বা টোকাই থাকবে না।

৫০। পথশিশুদের জন্য খাবার, পোশাক, থাকার জায়গা, পড়াশোনা, খেলাধুলা ও চিকিৎসার ব্যবস্থা করা হবে।

## 🌀 মুক্তিযোদ্ধা বা জুলাই যোদ্ধা 🌀

৫১। মুক্তিযোদ্ধা বা জুলাই যোদ্ধা এবং তাদের পরিবারের মর্যাদা রক্ষায় বিশেষ আইন করা হবে।

## 🌀 উপজাতি 🌀

৫২। 'উপজাতি' বা 'আদিবাসী' হিসেবে কারো পরিচয় হবে না, সবার পরিচয় হবে 'বাংলাদেশী' হিসেবে।

🌀 ঘুষ 🌀

৫৩। 'এক টাকাও ঘুষ নয়' নীতি বাস্তবায়ন করা হবে।

৫৪। ঘুষ গ্রহনকারী ও প্রদানকারী উভয়কেই কঠোর শাস্তির মুখোমুখি করা হবে।

🌀 দুর্নীতি 🌀

৫৫। দুর্নীতি তদন্তে স্বাধীন ইনভেস্টিগেশন সেল শক্তিশালী করা হবে।

🌀 সরকারি ব্যয় 🌀

৫৬। সরকারি ব্যয়ে অপচয় বন্ধে কড়া নিয়ম প্রয়োগ হবে।

🌀 ডিজিটাল যাচাইকরণ 🌀

৫৭। সরকারি নথিপত্রে জালিয়াতি রোধে ডিজিটাল যাচাইকরণ বাড়ানো হবে।

🌀 সরকারি জমি 🌀

৫৮। সরকারি জমি দখলমুক্ত করতে বিশেষ বাহিনী নিয়োজিত হবে।

🌀 ঋণখেলাপি 🌀

৫৯। ঋণখেলাপি রোধে কড়া পদক্ষেপ নেয়া হবে।

🌀 সামাজিক সুরক্ষা 🌀

৬০। নারী, মেয়ে শিশু ও বয়স্কসহ সবার জন্য সামাজিক সুরক্ষা নিশ্চিত করা হবে।

🌀 জাতীয় নিরাপত্তা 🌀

৬১। সবার জন্য জাতীয় নিরাপত্তা নিশ্চিত করা হবে।

🌀 ন্যায়বিচার 🌀

৬২। আদালতের সংস্কারে দ্রুত ন্যায়বিচার নিশ্চিত করা হবে।

🌀 মৃত্যুদণ্ড 🌀

৬৩। যারা অন্যায়ভাবে হত্যা করবে, তাদের প্রকাশ্যে শিরচ্ছেদ, পাথর নিক্ষেপ বা অন্যান্য উপায়ে মৃত্যুদণ্ড কার্যকর করা হবে।

৬৪। যেহেতু গলায় ফাঁস দিয়ে মানুষ আত্মহত্যা করে, সেহেতু গলায় ফাঁস দিয়ে মৃত্যুদণ্ড কার্যকর করা হবে না।

🌀ধর্ষণ🌀

৬৫। যারা শিশু বা নারীকে জোরপূর্বক ধর্ষণ করবে, তাদের পুরুষাঙ্গ কেটে দেওয়া হবে।

৬৬। যারা শিশু বা নারীকে জোরপূর্বক ধর্ষণের পর হত্যা করবে, তাদের পুরুষাঙ্গ কাটার পর প্রকাশ্যে শিরচ্ছেদ, পাথর নিক্ষেপ বা অন্যান্য উপায়ে মৃত্যুদণ্ড কার্যকর করা হবে।

🌀চুরি🌀

৬৭। যারা চুরি করবে, তাদের একটি হাত কেটে দেওয়া হবে।

৬৮। যারা চোরকে একটি হাত কাটার পরিবর্তে অন্যায়ভাবে হত্যা করবে, তাদের মৃত্যুদণ্ড কার্যকর করা হবে।

🌀ধর্মীয় অনুভূতি🌀

৬৯। যারা আল্লাহ ও রাসূল (সাঃ)-কে নিয়ে কটূক্তি করবে, তাদের প্রকাশ্যে মৃত্যুদণ্ড কার্যকর করা হবে।

৭০। আর যারা অনুতপ্ত হয়ে ক্ষমা প্রার্থনা করবে, তাদের শাস্তি কমিয়ে যাবজ্জীবন কারাদণ্ড বা নির্বাসন কার্যকর করা হবে।

🌀যাকাত🌀

৭১। যারা ধনী, তারা যাকাত প্রদান করবে। যাকাতের অর্থ দরিদ্র, অসহায় ও নিম্ন মধ্যবিত্তদের মাঝে সমভাবে বন্টন করে দেওয়া হবে।

🌀ভাড়া, বিল ও দ্রব্যমূল্য🌀

৭২। বাস ভাড়া, বাসা ভাড়া, বিদ্যুৎ বিল ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম সহনশীল পর্যায়ে রাখা হবে।

🌀বাজার🌀

৭৩। মুদ্রাস্ফীতি বা দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি রোধে বাজারে সকল পণ্যের দাম সরকারিভাবে নির্ধারণ করা হবে।

🌀 ফুটপাত 🌀

৭৪। ফুটপাত দখলমুক্ত করে হকারদের নির্দিষ্ট স্হানে বসার ব্যবস্থা করে দেওয়া হবে।

🌀 সন্ত্রাস ও চাঁদাবাজি 🌀

৭৫। সন্ত্রাস ও চাঁদাবাজির বিরুদ্ধে কঠোর শূন্য সহনশীলতা বজায় রাখা হবে।

🌀 টিভি চ্যানেল বা সংবাদমাধ্যম 🌀

৭৬। বাংলাদেশে দেশীয় কোনো টিভি চ্যানেল বা সংবাদমাধ্যম কখনোই বন্ধ করা হবে না। প্রয়োজনে সংস্কার করা হবে।

৭৭। বাংলাদেশে ভারতের টিভি চ্যানেল সমূহ সম্প্রচার করা হবে না, যতক্ষণ না পর্যন্ত ভারতে বাংলাদেশের টিভি চ্যানেল সমূহ সম্প্রচার করা না হয়।

🌀 আত্মহত্যা 🌀

৭৮। হতাশার কারণে যেসব নাগরিক আত্মহত্যা করতে চান, তাদের বৈবাহিক, পারিবারিক বা সামাজিক সমস্যা সমাধানে বিশেষ উদ্যোগ নেওয়া হবে।

🌀 নারীর আত্মরক্ষা 🌀

৭৯। দেশের সকল নারীকে আত্মরক্ষার প্রশিক্ষণ দেওয়া হবে।

🌀 সেনা প্রশিক্ষণ 🌀

৮০। দেশের প্রতিটি নাগরিককে প্রাথমিক সেনা প্রশিক্ষণ দেওয়া হবে।

🌀 প্রবাসীদের সম্মান 🌀

৮১। বিমানবন্দরে প্রবাসীদের 'স্যার' বলে সম্বোধন করা হবে এবং 'মালামালের নিরাপত্তা' নিশ্চয়তা করা হবে।

🌀 নিরাপদ পরিবেশ 🌀

৮২। বাংলাদেশে রাস্তার ধারে আর বর্জ্যের স্তূপ থাকবে না।

৮৩। বর্জ্য ফেলার নির্দিষ্ট স্‌হান থাকবে।

৮৪। বর্জ্য রিসাইকেল করে সম্পদে পরিণত করা হবে।

৮৫। বর্জ্য থেকে গ্যাস ও বিদ্যুৎ উৎপাদন প্রকল্প নেওয়া হবে।

৮৬। শহরে বৃষ্টির পানি সংরক্ষণ প্রকল্প নেয়া হবে।

৮৭। শহরে বারান্দা ও ছাদ বনায়ন প্রকল্প নেয়া হবে।

🌀সড়ক বা রাস্তা🌀

৮৮। বাংলাদেশে কোথাও ভাঙা বা খানাখন্দ যুক্ত রাস্তা থাকবে না।

৮৯। সব রাস্তা পিচ ঢালাই করে দেওয়া হবে।

৯০। সড়ক নির্মাণে আন্তর্জাতিক মান নিশ্চিত করা হবে।

🌀সড়ক দুর্ঘটনা🌀

৯১। সড়ক দুর্ঘটনা রোধে রাস্তার সংস্কার, ড্রাইভার ও হেলপার প্রশিক্ষণ, উল্টো পথের বাহন বন্ধ, গাড়ির সংস্কার, যাত্রীদের প্রশিক্ষণ, স্মার্ট লাইফ সেভ সিস্টেম চালু ইত্যাদি উদ্যোগ নেওয়া হবে।

৯২। সড়ক নিরাপত্তাকে মানবিক দায়িত্ব হিসেবে বিবেচনা করা হবে।

৯৩। সড়ক দুর্ঘটনা কমাতে ড্রাইভিং লাইসেন্স ব্যবস্থায় কঠোরতা আনা হবে।

৯৪। যানজট নিরসনে স্মার্ট ট্রাফিক কন্ট্রোল সিস্টেম চালু করা হবে।

৯৫। গণপরিবহন হবে শৃঙ্খলাবদ্ধ, নিরাপদ ও আধুনিক।

🌀জাতীয় ও স্থানীয় নির্বাচন🌀

৯৬। জাতীয় ও স্‌হানীয় নির্বাচন সহজ করা হবে।

৯৭। যারা ধনী বা কোটিপতি তারা নির্বাচনে প্রার্থী হবে, আর ধনী নয় এমন মেধাবী ও যোগ্য প্রার্থীরা অর্থের অভাবে নির্বাচন করতে হিমশিম খাবে, এমনটা আর হবে না।

৯৮। জাতীয় ও স্থানীয় নির্বাচনের সম্পূর্ণ ব্যয় সরকার বহন করবে।

৯৯। কোনো প্রার্থীকে নির্বাচনী প্রচারণা করতে হবে না। সরকার প্রতিটি আসনে রাস্তার ধারে বিলবোর্ডের মাধ্যমে সকল প্রার্থীদের প্রতীকসহ ব্যালটের ছবি একসাথে তুলে ধরবে। প্রতিদিন মাইকে সকল প্রার্থীদের নাম ও প্রতীক একসাথে ঘোষণা করবে। তার কিছুদিন পর জাতীয় বা স্থানীয় নির্বাচন অনুষ্ঠিত হবে।

## 🌀সংসদ নির্বাচন🌀

১০০। পুরুষের জন্য সংসদের এক কক্ষে ৩০০ আসন এবং নারীদের জন্য সংসদের আরেক কক্ষে ৩০০ আসনের ব্যবস্থা করা হবে।

১০১। নির্বাচনের মাধ্যমে সংসদের এক কক্ষে ৩০০ জন পুরুষ এমপি, ১ জন পুরুষ স্পিকার ও ১ জন পুরুষ ডেপুটি স্পিকার থাকবেন।

১০২। ঠিক তেমনি নির্বাচনের মাধ্যমে সংসদের আরেক কক্ষে ৩০০ জন মহিলা এমপি, ১ জন মহিলা স্পিকার ও ১ জন মহিলা ডেপুটি স্পিকার থাকবেন।

১০৩। সরকারি ও বিরোধী দলের ৩০০ জন পুরুষ এমপি থেকে আসনের আনুপাতিক হারে ৫০ জন মন্ত্রী হবেন।

১০৪। ঠিক তেমনি সরকারি ও বিরোধী দলের ৩০০ জন মহিলা এমপি থেকে আসনের আনুপাতিক হারে ৫০ জন উপমন্ত্রী হবেন।

১০৫। সংসদে ৩০০ জন পুরুষ এমপির মধ্য থেকে ১ জন রাষ্ট্রপতি ও ১ জন প্রধানমন্ত্রী নির্বাচন করা হবে।

১০৬। ঠিক তেমনি সংসদে ৩০০ জন মহিলা এমপির মধ্য থেকে ১ জন উপ-রাষ্ট্রপতি ও ১ জন উপ-প্রধানমন্ত্রী নির্বাচন করা হবে।

১০৭। নির্বাচনে সরকারি দল, বিরোধী দল ও স্বতন্ত্র যেসব প্রার্থী নিজের আসনে বিপুল পরিমাণ ভোট পেয়েও হেরে যাবেন, জনগণের বিপুল পরিমাণ সেসব ভোটকে মূল্যায়ন করে সেসব প্রার্থীকে ঐ আসনের প্রশাসনে অন্তর্ভুক্ত করা হবে। পুরুষ প্রার্থীকে ঐ আসনের প্রশাসক ও নারী প্রার্থীকে ঐ আসনের সহ-প্রশাসক করা হবে।

🌀বিশ্ব ঋণ🌀

১০৮। বাংলাদেশ বিশ্বব্যাংক বা অন্য কোনো দেশ থেকে কখনোই ঋণ গ্রহণ করবে না। ঋণগ্রস্ত দেশের তালিকা থেকে বাংলাদেশের নাম চিরতরে মুছে ফেলা হবে এবং ধনী দেশের তালিকায় বাংলাদেশের নাম অন্তর্ভুক্ত করা হবে।

🌀সামরিক শক্তি🌀

১০৯। বাংলাদেশ হবে আগামী দিনের শক্তিশালী ও আধুনিক সামরিক সক্ষমতাসম্পন্ন রাষ্ট্র।

🌀 ফুটবল বিশ্বকাপ 🌀

১১০। বাংলাদেশ যাতে ফুটবল বিশ্বকাপে অংশগ্রহণ করে প্রত্যাশিত সাফল্য আনতে পারে, সেজন্য দেশী ও প্রবাসী শক্তিশালী ফুটবলার এবং দেশী ও বিদেশী শক্তিশালী কোচদের সমন্বয়ে শক্তিশালী ফুটবল টিম তৈরি করা হবে।

🌀 ক্রিকেট বিশ্বকাপ 🌀

১১১। বাংলাদেশ যাতে ক্রিকেট বিশ্বকাপে অংশগ্রহণ করে প্রত্যাশিত সাফল্য আনতে পারে, সেজন্য জাতীয় ও ঘরোয়া শক্তিশালী ক্রিকেটার এবং দেশী ও বিদেশী শক্তিশালী কোচদের সমন্বয়ে শক্তিশালী ক্রিকেট টিম তৈরি করা হবে।

🌀 আগামীর বাংলাদেশ 🌀

১১২। খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা ও খেলাধুলায় শক্তিশালী দেশ, আইনের শাসনের দেশ, দুর্নীতিমুক্ত দেশ, ঋণমুক্ত দেশ, সামরিক শক্তিধর দেশ, ভিক্ষুকহীন দেশ, বস্তিহীন দেশ, টোকাইহীন দেশ, বর্জ্যহীন বিশুদ্ধ দেশ, নিরাপদ দেশ, চোর-ডাকাতহীন দেশ, সন্ত্রাস ও চাঁদাবাজহীন দেশ, বিড়ি-সিগারেটহীন দেশ, মাদকহীন দেশ, মানবপাচারহীন দেশ, ধনী দেশ, শান্তির দেশ প্রভৃতি হবে আগামীর বাংলাদেশ।

🌀 https://naz-niaz.github.io/pppp_bangladesh/ 🌀